

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
আইসিটি অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০৮.১৮.০০৩.১৩.১০

তারিখ: ৫ বৈশাখ ১৪২৭
১৮ এপ্রিল ২০২০

বিষয়: বেসরকারী যুব সংগঠনসমূহ কর্তৃক করোনাভাইরাস মোকাবেলায় সম্পাদিত কাজের সমন্বয় সাধন ও দিকনির্দেশনা প্রদান।

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে করোনাভাইরাস(কোভিড-১৯) জনিত কারণে দেশের চরম স্বাস্থ্যঝুঁকির এ পরিস্থিতিতে যুব উন্নয়ন অধিদপ্তরের রেজিস্ট্রিকৃত/তালিকাভুক্ত বেসরকারী যুব সংগঠনসমূহ তাঁদের নিজ নিজ এলাকায় জনসচেতনামূলক কার্যক্রম (যেমন- ব্যক্তিগত নিরাপত্তা, সামাজিক দূরত্ব বজায় রাখা, মুখে মাস্ক ব্যবহার, সাবান দিয়ে হাত ধোয়া, হাঁচি-কাশির সময় মুখ ঢেকে রাখা, পরিস্কার-পরিচ্ছন্ন থাকা, জনসমাবেশ এড়িয়ে চলা এবং হ্যান্ডশেক ও কোলাকুলি থেকে বিরত থাকা ইত্যাদি) পরিচালনা করছেন।

এছাড়া তাঁদের সক্ষমতা অনুযায়ী নিজস্ব উদ্যোগে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার উৎপাদনপূর্বক স্ব স্ব এলাকায় বিতরণ করছেন। সংগঠনসমূহের সামর্থ্য অনুযায়ী বিভিন্ন খাদ্য সামগ্রী ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ করতেও অনুরোধ করা হলো। এ সমস্ত কার্যক্রম সমন্বিতভাবে সম্পাদন করা হলে সম্পদের বিতরণ ও ব্যবহার সুষ্ঠুভাবে সম্পন্ন হবে।

প্রতিটি জেলা কার্যালয়ের উপপরিচালক, করোনা মোকাবেলায় যুব সংগঠনসমূহের কার্যক্রম আরো ফলপ্রসূ করার নিমিত্ত যাবতীয় দিকনির্দেশনাসহ সার্বিক সহযোগিতা ও সমন্বয় সাধন করবেন।

উল্লেখ্য, বেসরকারী যুব সংগঠনসমূহ কর্তৃক সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি সপ্তাহে কমপক্ষে ০১(এক) দিন মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-এর ই-মেইলে অবহিত করতে অনুরোধ করা হলো।

১৮-৪-২০২০

আখতারুজ্জামান খান কবির
মহাপরিচালক

উপ-পরিচালক (সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০৮.১৮.০০৩.১৩.১০/১(১৪)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক/প্রকল্প পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৪) সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর-পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল) উপজেলা জেলা(তৌকে বর্ণিত কার্যক্রম সম্পাদনে উপ-পরিচালক-কে সার্বিক সহযোগিতা প্রদানে অনুরোধ করা হলো)।
- ৬) সভাপতি/সাধারণ সম্পাদক, -----সংগঠন,----- (সকল) উপজেলা।
- ৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৮) অফিস কপি।

M. Rahman

১৮-৪-২০২০

মোঃ মোখলেছুর রহমান
উপ-পরিচালক